মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ **২০২১** **প্রতিবেদন** প্রস্তুতের তারিখ: ৮ এপ্রিল ২০২১

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৭১	১৪৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	৯৯৯	১,১০০
মোট	২,৫৬৩	১,২৭০	১,২৪৬

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩১	৩৪	৪৩	৩৮	১৪৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৫	৩৩৬	২৪৪	১৫৫	১,১০০*
মোট	-	-	৩৯৬	৩৭০	২৮৭	১৯৩	১,২৪৬

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase)	মোট -০.৫২ DPA-০.৩৯ জিওবি-০.১৩	মোট-০.২২৮৫ DPA-০.১৯৬১ জিওবি-০.০৩২৪ (৪৩.৯৪%)	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিট জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৯টি	০.২৩	-	৪	৯টি	৯টি অডিট আপত্তির মধ্যে ৭টি অডিট আপত্তি সংক্রান্ত ১টি মামলা রয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয়	৪টি	১৫.৮৩	-	-	৪টি	বিলুপ্ত ঢাকা বিভাগীয় উন্নয়ন বোর্ডের অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৪টি	৬৮৬.৭৭	৪	-	৪টি	-
মোট	১৭টি	৭০২.৮৩	৪	৪	১৭টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	-	-	১	১	২
দুর্নীতি দমন কমিশন	৯	-	-	-	-	৯	২২
মোট	১০	-	-	-	১	১০	২৪

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	২।	সুশাসন বিষয়ক ভার্চুয়াল প্রশিক্ষণ	৩১ মার্চ ২০২১	দুর্নীতি দমন কমিশন	৬০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বছরে ৬০ ঘণ্টা) চলমান রয়েছে। ইতোমধ্যে ১০ হতে ২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বছরে ৬০ ঘণ্টা) সম্পন্ন হয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক একটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পাঁচটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পাঁচটি; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভা এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ৩টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিসভা-বৈঠকে ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(২) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৫তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) ১৯৯৫ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীসহ সারসংক্ষেপ বাঁধাইয়ের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে।

(৪) মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে ২টি অভিযোগ নিষ্পত্তি করে নথিজাত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৩টি অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। ১৩টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(৫) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি দ্বিতীয় ও মার্চের প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৬) ঐতিহাসিক ৭ই মার্চ ২০২১ এবং ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(৭) মাস্ক পরিধান নিশ্চিতকরণসহ স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয় মনিটরিং করার জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৮) সড়ক ও জনপথ অধিদপ্তরের মহাসড়ক নেটওয়ার্কের আওতাভুক্ত বিদ্যমান/নির্মাণাধীন বিভিন্ন সেতু ও কালভার্টের সন্নিকটে অনুমতি ব্যতিরেকে মাটি ও বালু অপসারণ/উত্তোলনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিনিয়র সচিব/সচিব ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ উদ্‌যাপন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ পালন এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সঙ্গে ঢাকা, খুলনা, রাজশাহী, চট্টগ্রাম বিভাগের মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের ভিডিও কনফারেন্স-এর আয়োজন করা হয়। ২১ মার্চ ২০২১ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

(১২) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী মার্চ ২০২১ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ২৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ২৪ জনের বিরুদ্ধে এজাহার দায়ের করা হয়েছে। এক জনের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ এবং ৮৯ জনের বিষয়ে অনুসন্ধানের পর নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। উক্ত বিষয় অবহিত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(১৩) দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও কমিশনারের একটি পদ শূন্য হওয়ায় একজন চেয়ারম্যান এবং একজন কমিশনার নিয়োগ দেয়া হয়েছে।

(১৪) জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার (পর্যটন) এবং পর্যটনসমৃদ্ধ কয়েকটি জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (পর্যটন)-এর পদ সৃজনের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) একাদশ জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ নির্বাচনি এলাকায় নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে দু'টি পরিপত্র জারি করা হয়েছে। ৩৭১টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে দুটি পরিপত্র জারি করা হয়েছে।

(১৬) দেশের নদ-নদীর অবৈধ দখল, দূষণ প্রতিরোধে কমিশনের সিদ্ধান্ত/সুপারিশ/নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও আহ্বায়ক, জেলা নদী রক্ষা কমিটি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ৩ মার্চ ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর 'আমার বাড়ি আমার খামার' এবং 'মাইক্রো সেভিংস' কনসেপ্ট আফ্রিকার Democratic Republic of Congo-তে বাস্তবায়ন সম্পর্কিত পত্র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৮) ১১ মার্চ ২০২১ তারিখে বাংলাদেশে বিদেশি বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান জটিলতা চিহ্নিতকরণ এবং নিরসনে গৃহীত পদক্ষেপের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত পত্র নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৯) ‘জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কার্যক্রম জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়নে অন্তর্ভুক্তকরণ সভা ৪ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।

(২০) সিআরভিএস-এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক কর্মশালা ৬ মার্চ ২০২১ তারিখে নীলফামারি জেলায় এবং ১৩ মার্চ ২০২১ তারিখে খুলনা জেলায় আয়োজন করা হয়।

(২১) মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং এসডিজি-১৬ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ১৪টি মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা বিষয়ে অবহিতকরণ এবং এসডিজি-১৬ বাস্তবায়ন অগ্রগতি পর্যলোচনা সংক্রান্ত কর্মশালার আয়োজন করা হয়।

(২২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা ১.১-১.৪ ও ১৬.৫-১৬.৬-এর National Action Plan হালনাগাদকরণ সংক্রান্ত কর্মশালার আয়োজন করা হয়।

(২৩) ২ মার্চ ২০২১ তারিখে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট-এর দশম সভা কমিটির সভা সচিব, সমন্বয় ও সংস্কার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

(২৪) ২১ মার্চ ২০২১ তারিখে ২০২০-২১ অর্থবছরের নৈতিকতা কমিটির তৃতীয় সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

(২৫) ৬ মার্চ ২০২১ তারিখে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় নির্ধারণ বিষয়ে সফট্ওয়্যার, মোবাইল ফোন সেবাসহ এ খাতে সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

গ.আগামী (এপ্রিল-মে) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) করোনা প্রাদুর্ভাবের কারণে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা; সমন্বয় ও সংস্কার ইউনিটের সমন্বয় সভা; সমন্বয় অনুবিভাগের মাসিক সমন্বয় সভা এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ কমিটি সভা ভার্চুয়ালি অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ, ২০২১) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) ১৯৯৫ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীসহ সারসংক্ষেপ বই আকারে বাঁধাই করে বিজি প্রেস থেকে আনয়ন।

(৫) চারটি মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd